



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর  
বেসরকারি মাধ্যমিক শাখা  
www.dshe.gov.bd  
ঢাকা



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৭.৩২.০০১.১৯.৩৫

তারিখ: ১২ আষাঢ়, ১৪২৭

২৬ জুন ২০২০

বিষয়: **ভোলা জেলার লালমোহন উপজেলাধীন লালমোহন হেলিপ্যাড নিম্ন মাধ্যমিক বিদ্যালয় (এম.পি.ও কোড- ৫২০৫০১১২০৪) এর শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতা ছাড়করণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ভোলা জেলার লালমোহন উপজেলাধীন লালমোহন হেলিপ্যাড নিম্ন মাধ্যমিক বিদ্যালয় (এম.পি.ও কোড- ৫২০৫০১১২০৪) এর শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতা ছাড়করণের নিমিত্ত উক্ত প্রতিষ্ঠানের জ্যেষ্ঠতম সহকারী শিক্ষক জনাব জাহিদা খানম স্বাক্ষরিত একখানা পত্রসহ অন্যান্য কাগজপত্রাদি জেলা শিক্ষা অফিসার, ভোলা কর্তৃক প্রতিস্বাক্ষরিত করে অত্র দপ্তরে প্রেরণ করা হয়।

২। প্রেরিত পত্র পর্যালোচনা করে দেখা যায়, প্রতিষ্ঠানের সর্বশেষ অনুমোদনকৃত ম্যানেজিং কমিটির মেয়াদ বিগত ০৮/১২/২০১৯ খ্রি. তারিখে শেষ হয়েছে। বর্তমানে প্রতিষ্ঠানটিতে কোন ম্যানেজিং কমিটি নাই। ফলে প্রতিষ্ঠানের বেতন-ভাতার বিলে স্বাক্ষরের ক্ষেত্রে এক ধরনের জটিলতা তৈরি হয়েছে। এক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- শিম/শা:১১/২(২)/৯৯(অংশ-১)/১২৮৮; তারিখ: ০৫/১০/২০০২ খ্রি. জারীকৃত পরিপত্র “যে সমস্ত জেলা ও উপজেলায় বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে (স্কুল, কলেজ ও মাদ্রাসা) ম্যানেজিং কমিটি বা গভর্নিং বডি এর সভাপতি নেই অথবা কোন কারণে উল্লিখিত কমিটি ও গভর্নিং বডির কার্যক্রম স্থগিত আছে সে সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও কর্মচারীর বেতন-ভাতা উত্তোলনের স্বার্থে প্রতিষ্ঠানের বিলে সংশ্লিষ্ট উপজেলার ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসার (ইউ এন ও) ও জেলা সদরে জেলা প্রশাসক প্রতিস্বাক্ষর করবেন” মর্মে উল্লেখ রয়েছে। এছাড়া ২০/০৪/২০২০ খ্রি. তারিখে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা কর্তৃক জরুরী বিজ্ঞপ্তি আকারে একই নির্দেশনা প্রদান করা হয়েছে। যেহেতু লালমোহন হেলিপ্যাড নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ে বর্তমানে কোন ম্যানেজিং কমিটি নাই সেক্ষেত্রে উক্ত পরিপত্র মোতাবেক সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার (ইউ এন ও), লালমোহন, ভোলা এবং প্রধান শিক্ষকের যৌথ স্বাক্ষরে প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতার বিলে স্বাক্ষরের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

এমতাবস্থায়, অনুচ্ছেদ ২ এর নির্দেশনা বাস্তবায়নে যে বা যার কোন প্রকার অবহেলা/গাফিলত পরিলক্ষিত হবে তার বিরুদ্ধে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

২৬-৬-২০২০

চন্দ্র শেখর হালদার

শিক্ষা কর্মকর্তা মাধ্যমিক-১

বিতরণ :

- ১) উপজেলা নির্বাহী অফিসার, লালমোহন, ভোলা
- ২) প্রধান শিক্ষক, লালমোহন হেলিপ্যাড নিম্ন মাধ্যমিক বিদ্যালয়, লালমোহন, ভোলা


স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৭.৩২.০০১.১৯.৩৫/১(৯)

তারিখ: ১২ আষাঢ়, ১৪২৭

২৬ জুন ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১) জেলা প্রশাসক, ভোলা
- ২) উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, বরিশাল অঞ্চল, বরিশাল
- ৩) সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা [পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
- ৪) জেলা শিক্ষা অফিসার, ভোলা [অনুচ্ছেদ ২ এর নির্দেশনা বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
- ৫) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, লালমোহন, ভোলা [অনুচ্ছেদ ২ এর নির্দেশনা বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
- ৬) পি এ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
- ৭) পি এ টু পরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
- ৮) জনাব জাহিদা খানম, সহকারী শিক্ষক (জ্যেষ্ঠতম), লালমোহন হেলিপ্যাড নিম্ন মাধ্যমিক বিদ্যালয়, লালমোহন, ভোলা
- ৯) সংরক্ষণ নথি



২৬-৬-২০২০

চন্দ্র শেখর হালদার  
শিক্ষা কর্মকর্তা মাধ্যমিক-১